তারিখ 09 MAY 2016
পৃষ্ঠা ৭ কলাম ৭

দৈনিক জনকণ্ঠ

### অর্থ সহায়তা উপলক্ষে কর্মশালা

# কারিগরি শিক্ষা উন্নয়নে ৮শ' কোটি টাকা দিল বিশ্বব্যাংক

**স্টাফ রিপোর্টার ।** কারিগরি শিক্ষা উন্নয়নে বাংলাদেশকে বিশ্বব্যাংক আরও ৮শ' কোটি টাকা সহায়তা প্রদান করেছে। স্কিল এ্যান্ড ট্রেনিং ইনহ্যান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ) সংস্থার দেয়া এ অর্থ দিয়ে চার লাখ ২০ হাজার বাংলাদেশী যুবকের দক্ষতা বৃদ্ধি করা সম্ভব হবে। অর্থ সহায়তা প্রদান উপলক্ষে রবিবার রাজধানীতে আয়োজিত এক কর্মশালায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কারিগরি শিক্ষা যুবসমাজের চাকরি ও আত্মকর্মসংস্থানের অপূর্ব সুযোগ সৃষ্টি করছে। অনেক ক্ষেত্রে উচ্চশিক্ষা লাভ করে হাজার হাজার ছেলেমেয়ে বেকার থাকলেও কারিগরি শিক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করে কেউ বেকার নেই। পাস করার সঙ্গে সঙ্গে চাকরি পায়। দক্ষতা অর্জন করতে পারলে কারিগরি শিক্ষায় শিক্ষিতদের চাকরি খুঁজতে হবে না, চাকরিই তাদের খুঁজে বের করবে।

রাজধানীর সোনারগাঁও হোটেলে কর্মশালার আয়োজন করা হয়েছিল। শিক্ষাসচিব মোঃ সোহরাব হোসাইনের সভাপতিত্বে কর্মশালায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কামাল আবদুল নাসের চৌধুরী, প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব বেগম সামছুন নাহার, বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর চিমিয়াও ফন, কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) অশোক কুমার বিশ্বাস ও স্টেপ প্রকল্পের পরিচালক, মোঃ ইমরান বক্তৃতা করেন।